

উপজেলা পরিষদের কার্যাবলী

- হস্তান্তরিত বিষয়ভূক্ত সকল উন্নয়ন প্রস্তাব/প্রকল্প ও প্রাক্কলন অনুমোদন।
- সময়ে সময়ে সরকার কর্তৃক উপজেলা পরিষদে ন্যস্ত অন্যান্য সকল উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন।
- উপজেলা পরিষদের পঁচেশালা ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ ও প্ল্যানবুক হালনাগাদকরণ।
- পরিষদের বার্ষিক উন্নয়ন পরিকল্পনা গ্রহণ।
- উপজেলা পরিষদ কর্তৃক বাস্তবায়যোগ্য কাজের প্ল্যান ও প্রাক্কলন অনুমোদন।
- বাস্তবায়িত সকল ধরনের উন্নয়ন কাজের পাক্ষিক অগ্রগতি পর্যালোচনা, পরিবীক্ষণ ও মূল্যায়ন।
- উপজেলা পরিষদের তহবিল বিনিয়োগ সংগ্রহ পরিকল্পনা গ্রহণ।
- সরকার কর্তৃক প্রেষনে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারীসহ পরিষদের সকল কর্মচারীবৃন্দের সংস্থাপন বিষয়াদি ব্যবস্থাপনা।
- উন্নয়নমূলক কাজের বিভিন্ন কমিটি ও উপ-কমিটি গঠন।
- উপজেলা পরিষদ কর্তৃক কাজ বাস্তবায়নের বিভিন্ন চুক্তি সম্পাদন।
- উপজেলা পরিষদের অন্যান্য সকল কার্যক্রম পরিচালনা।
- উপজেলার আইন শৃঙ্খলার অবস্থা পর্যালোচনা।
- উপজেলার ত্রাণ ও পুনর্বাসন কাজ পর্যালোচনা ও প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।
- সকল ট্যাক্স, রেইট, টোল, ফিস ও অন্যান্য আদায়ের ব্যবস্থা গ্রহণ এবং অন্যান্য কর আরোপ/ধার্য।
- উপজেলার পক্ষে অর্থ গ্রহণ।
- উপজেলার পক্ষে লাইসেন্স পারমিট এবং নোটিশ ইস্যুকরণ/অনুমোদন।
- উপজেলা পরিষদের অধীনে সংঘটিত সকল অপরাধের নিষ্পত্তি।
- উপজেলা পরিষদ আইনের অধীনে যে কোন অপরাধের অভিযোগের নিষ্পত্তি।
- উপজেলা পরিষদের পক্ষে মামলা দায়ের ও পরিচালনা।